অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/28/2023 **গভর্নর ক্যাথি হোকল**

বায়ুর গুণমান বিষয়ক স্বাস্থ্য সংক্রান্ত পরামর্শ সমগ্র স্টেটকে অন্তর্ভুক্ত করার জন্য সম্প্রসারিত হয়েছে বলে গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদের সাবধান করেছেন

বায়ুর গুণমান সূচক 'অত্যন্ত অস্বাস্থ্যকর' বায়ুর জন্য 200-র থ্রেসহোল্ড অতিক্রম করলে এই প্রথমবার আপৎকালীন সেল ফোনের সতর্কতাগুলি ব্যবহার করে নিউ ইয়র্কবাসীদের সাবধান করা হবে

এই সপ্তাহে স্টেট জুড়ে বায়ুর গুণমান সূচক স্তরে সাময়িক বৃদ্ধি পেয়ে 'অত্যন্ত অস্বাস্থ্যকর' বা 'বিপজ্জনক' মাত্রায় পৌঁছানোর সম্ভাবনা রয়েছে

স্টেট ব্যাপী জনসাধারণের জন্য হাজার হাজার N95-স্টাইলের মুখোশ পাওয়া যাচ্ছে

হাসপাতালগুলিকে সতর্ক থাকতে হবে কারণ শ্বাস প্রশ্বাসের সমস্যা হওয়া রোগীর এমার্জেন্সি বিভাগে ভিজিট করার সংখ্যা বেড়ে যেতে পারে

সমগ্র স্টেটের ট্রানজিট কর্তৃপক্ষ গ্রাহকদের সরাসরি বায়ু-মান সম্পর্কিত সুরক্ষা তথ্য সরবরাহ করতে পাবলিক অ্যাড্রেস সিস্টেম, বাস হেডওয়ে সাইন, সোশ্যাল মিডিয়া এবং অন্যান্য ইলেকট্রনিক সাইনেজ ব্যবহার করছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে আজকের জন্য বায়ুর গুণমান বিষয়ক স্বাস্থ্য সংক্রান্ত পরামর্শ সমগ্র স্টেটকে অন্তর্ভুক্ত করার জন্য সম্প্রসারিত করা হয়েছে কারণ কানাডার দাবানল থেকে ধোঁয়া বায়ুর গুণমানের স্তরকে অস্বাস্থ্যকর পর্যায়ে নিয়ে চলেছে। নিউ ইয়র্ক স্টেট পরিবেশগত সংরক্ষণ এবং স্বাস্থ্য দপ্তর (New York State Departments of Environmental Conservation and Health) সমগ্র নিউ ইয়র্ক স্টেটকে অন্তর্ভুক্ত করার আজ, বুধবার, 28 জুনের জন্য ইস্যু করা একটি বায়ুর গুনমান বিষয়ক স্বাস্থ্য সংক্রান্ত পরামর্শ আপডেট করেছে। ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং ইষ্টার্ন লেক অন্টারিও অঞ্চলের সমস্ত নিউ ইয়র্ক বাসীদের জন্য 'অস্বাস্থ্যকর' থাকবে বলে পূর্বাভাসে বলা হয়েছে। নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ড সহ স্টেটের বাকি অঞ্চলের জন্য পূর্বাভাস, 'সংবেদনশীল গোষ্ঠীর জন্য অস্বাস্থ্যকর।' 'খুব অস্বাস্থ্যকর' বাতাসের জন্য বায়ুমানের সূচক 200-এর সীমা অতিক্রম করলে এবং এক ঘণ্টার বেশি সময় ধরে চলতে থাকলে নিউ ইয়র্কবাসীকে সতর্ক করতে এই প্রথম বার জরুরি সেল ফোন অ্যালার্টও ব্যবহার করা হবে বলে গভর্নর ঘোষণা করেছেন। সতর্কতাগুলি স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস (State Division of

Homeland Security and Emergency Services) দ্বারা পরিচালিত ওয়্যারলেস এমার্জেন্সি অ্যালার্ট সিস্টেমের (Wireless Emergency Alert system) মাধ্যমে প্রেরিত হবে।

"যেহেতু এই সপ্তাহে আমাদের সমগ্র স্টেটে কানাডার দাবানলের ধোঁয়া আবার বায়ুর গুণমানকে প্রভাবিত করছে, তাই আমরা নিউ ইয়র্কবাসীদের সাবধান থাকার সনির্বন্ধ অনুরোধ করছি," **বলেছেন গভর্নর হোকল।** "নিউ ইয়র্কবাসীদের কাছে যাতে সাম্প্রতিক তথ্য থাকে তা নিশ্চিত করতে আমরা আপৎকালীন সেল ফোন সতর্কতাগুলি কার্যকর করছি এবংপরিস্থিতি পর্যবেক্ষণ এবং মাস্ক বিতরণ করার জন্য স্থানীয় কাউন্টিগুলির সাথে যোগাযোগ করা অব্যাহত রাখছি। আমি সকল নিউ ইয়র্কবাসীকে সাম্প্রতিক আপডেটগুলি সম্পর্কে অবগত থাকতে এবং নিজের এবং আপনার প্রিয়জনকে সুরক্ষিত রাখতে প্রয়োজনীয় সাবধানতা অবলম্বন করতে উৎসাহিত করছি।"

তাৎপর্যপূর্ণ ভূপৃষ্ঠের-নিকটস্থ ধোঁয়ার প্রভাবগুলি, বিকেলের শেষ বেলা পর্যন্ত, নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ড সহ, পূর্ব নিউ ইয়র্কে পৌঁছাবে বলে বর্তমানে পূর্বাভাস দেওয়া হয়নি। যদিও, ধোঁয়া একবার ভিতরে ঢুকলে পরিস্থিতি দ্রুত খারাপ হতে পারে। স্টেট এজেন্সিগুলো স্টেট ব্যাপী বায়ুর গুণমান নিবিড়ভাবে পর্যবেক্ষণ করে চলেছে কারণ 29 জুন বৃহস্পতিবার নিউ ইয়র্ক স্টেটের পূর্বাঞ্চলে ধোঁয়া যাওয়ার অব্যাহত থাকার পূর্বাভাস দেওয়া হয়েছে। যেখানে, এই সময়, বায়ুর গুণমানের সূচকের স্তর 'সংবেদনশীল গোষ্ঠীর জন্য অস্বাস্থ্যকর' থেকে সকলের জন্য 'অস্বাস্থ্যকর' পরিসরের মধ্যে থাকবে বলে পূর্বাভাস দেওয়া হয়েছে, সেখানে DEC এবং DOH 24-ঘণ্টার পূর্বাভাসের উপর ভিত্তি করে এয়ার কোয়ালিটি হেলথ অ্যাডভাইজরি এবং সংশ্লিষ্ট নির্দেশিকা জারি করে, যদিও এক ঘণ্টার মান এই অঞ্চলে পূর্বাভাসের মানকে ছাড়িয়ে যেতে পারে। আপডেট হওয়া পূর্বাভাস এবং বায়ুর গুণমান সূচকের স্তর সম্পর্কে তথ্যের জন্য dec.ny.gov-এ যান।

গভর্নরের নির্দেশে, বায়ুর মানের প্রভাব মোকাবেলা করার জন্য কয়েক হাজার উচ্চ-মানের N95-স্টাইলের মাস্ক নিউ ইয়র্কবাসীদের জন্য উপলভ্য করা হয়েছে। নিউ ইয়র্ক সিটিতে মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি (Metropolitan Transportation Authority), বন্দর কর্তৃপক্ষ (Port Authority) এবং পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিস (Office of Parks, Recreation and Historic Preservation) প্রধান ট্রানজিট হাব এবং স্টেট পার্কগুলোতে যাত্রীদের মধ্যে মাস্ক বিতরণ করছে। জনসাধারণের কাছে আরো বিতরণের জন্য অতিরিক্ত মাস্কগুলো নিউ ইয়র্ক সিটির বাইরের স্টেট-চালিত মজুদগুলোতে উপলভ্য করা হচ্ছে।

নিম্নলিখিত স্থানে মাস্কগুলি উপলভ্য রয়েছে:

- গ্রান্ড সেন্ট্রাল টার্মিনাল
- পেন স্টেশন
- ফুলটন সেন্টার
- জ্যামাইকা স্টেশন
- বন্দর কর্তৃপক্ষ বাস টার্মিনাল এর প্রধান সমাবেশ, সাউথ উইং
- আটলান্টিক অ্যাভিনিউ, ব্রুকলিন

- গ্র্যান্ড কনকোর্স, ব্রঙ্কস
- শার্লি চিসহোম স্টেট পার্ক
- ক্লে পিট পন্ডস স্টেট পার্ক প্রিজার্ভ
- ডেনি ফ্যারেল রিভারব্যাঙ্ক স্টেট পার্ক
- রবার্তো ক্লেমেন্ট স্টেট পার্ক

স্টেট জুড়ে ট্রানজিট কর্তৃপক্ষ গ্রাহকদের সরাসরি বায়ু-মান সম্পর্কিত সুরক্ষা তথ্য সরবরাহ করতে পাবলিক অ্যাড্রেস সিস্টেম, বাস হেডওয়ে সাইন, সোশ্যাল মিডিয়া এবং অন্যান্য ইলেকট্রনিক সাইনেজ ব্যবহার করছে, যার মধ্যে রয়েছে:

- মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি (Metropolitan Transportation Authority)
- NassauTRANSIT
- ওয়েস্টচেস্টার কাউন্টি বী-লাইন
- ব্রুম কাউন্টি ট্রানজিট
- ক্যাপিটাল ডিস্ট্রিক্ট ট্রান্সপোর্টেশন অথরিটি (Capital District Transportation Authority)
- সেন্ট্রাল নিউ ইয়র্ক আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষ (Central New York Regional Transportation Authority)
- রচেস্টার গিনিস আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষ (Rochester Genesee Regional Transportation Authority)
- নায়াগ্রা ফ্রন্টিয়ার ট্রান্সপোর্টেশন অথরিটি (Niagara Frontier Transportation Authority)

পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার, বেসিল সেগোস বলেন, "দাবানলের শিখা আরো পূর্বদিকে অগ্রসর হবে বলে DEC-র বিশেষজ্ঞ আবহাওয়াবিদ আজকের পূর্বাভাস আপডেট করেছেন। পরিস্থিতি পরিবর্তিত হলেই স্টেট ব্যাপী তাৎপর্যপূর্ণ ভূপৃষ্ঠের-নিকটস্থ ধোঁয়ার প্রত্যাশিত প্রভাব সম্পর্কে জনগণকে অবগত করতে থাকব।"

স্টেটের স্বাস্থ্য কমিশনার ডা. জেমস ম্যাকডোনাল্ড বলেন, "যখন স্টেট জুড়ে বায়ু দূষণের উচ্চতর মাত্রা প্রত্যাশিত এবং নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য দপ্তর (Department of Health) নিউ ইয়র্কবাসীদের তাদের নিজের এলাকায় সচেতন থাকতে এবং বিরূপ স্বাস্থ্য প্রভাবের ঝুঁকি কমাতে বাইরের কঠিন কাজগুলো সীমিত করা সহ প্রয়োজনীয় সাবধানতা অবলম্বন করার পরামর্শ প্রদান করে৷ যারা বিশেষ করে উচ্চ মাত্রার দূষণের প্রতি সংবেদনশীল, এর মধ্যে যেমন খুব অল্প বয়সী এবং যাদের হৃদরোগ বা হাঁপানির মতো শ্বাসকষ্টজনিত সমস্যা রয়েছে, তাদের বাইরে সময় কাটানো এড়িয়ে যাওয়া উচিত, সম্ভব হলে, সেই সমস্ত এলাকায় যেখানে AQI 100-র ওপরে। airnow.gov, বা আপনার ফোনে আবহাওয়া অ্যাপের মাধ্যমে আপনার এলাকার মাত্রাগুলো পর্যবেক্ষণ করতে পারেন। যদি আপনাকে বাইরে এমন এলাকায় যেতেই হয় যেখানে বাতাস অস্বাস্থ্যকর বা খুব খারাপ, তাহলে N95 মাস্ক পরিধানের বিষয়টি বিবেচনা করুন। যাদের উপসর্গ দেখা দিচ্ছে বা উপস্থিত উপসর্গ আরো খারাপ হচ্ছে তাদের নিজস্ব চিকিৎসকের সাথে আলোচনা করা উচিত।"

যখন ওজোন বা সূক্ষ্ম কণা পদার্থ (PM2.5) বায়ুর গুণমান সূচক (Air Quality Index, AQI) মান 100 ছাড়িয়ে যাবে বলে আশা করা হয় তখন DEC এবং DOH বায়ুর গুণমান স্বাস্থ্য সংক্রান্ত পরামর্শ জারি করে। ইমেইলের মাধ্যমে প্রদান করা পরামর্শের জন্য সাবস্ক্রাইব করতে অনুগ্রহ করে [এখানে](এখানে) ক্লিক করুন।

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health, DOH) প্রয়োজন হলে সতর্কতা অবলম্বনের পরামর্শ দিচ্ছে। ঝুঁকি হ্রাস করার জন্য ব্যক্তিরা যে সমস্ত পদক্ষেপ গ্রহণ করতে পারে:

- যখন AQI এর মান 100 এর বেশি হয় ('সংবেদনশীল গোষ্ঠীর জন্য অস্বাস্থ্যকর'), দুর্বল গোষ্ঠীর নিউ ইয়র্কবাসীদের বাইরে পরিশ্রম করা এড়ানো উচিত এবং বাইরের সংস্পর্শে এলে উপসর্গগুলোর দিকে নজর রাখা উচিত। দুর্বল গোষ্ঠীদের মধ্যে রয়েছে হৃদরোগ (যেমন কনজেস্টিভ হার্ট ফাইল, পূর্বে হার্ট অ্যাটাক হওয়ার ইতিহাস) বা শ্বাসতন্ত্রের রোগ (যেমন অ্যাজমা, ক্রনিক অবস্ট্রাক্টিভ পালমোনারি রোগ), এবং একইসাথে 18 বছরের কম শিশু এবং 65 বছরের বেশি বয়স্ক মানুষ।
- যখন AQI এর মান 150 এর বেশি হয় ('অস্বাস্থ্যকর'), তখন সমস্ত নিউ ইয়র্কবাসীদের বাইরের কঠিন কাজগুলো এড়ানো উচিত এবং যারা দুর্বল গোষ্ঠীতর অন্তর্ভুক্ত রয়েছে তাদের বাইরের এক্সপোজার এড়ানো উচিত, বিশেষ করে গর্ভবতীদের যারা সহজেই শ্বাসকষ্টে ভুগতে পারেন। এছাড়াও, কিছু কর্মী যারা দুর্বল তাদের বাড়ির ভিতরে কাজ করা উচিত এবং ক্যাম্পের পরিচালকদের তাদের স্থানীয় AQI পূর্বাভাস এবং সতর্কতার স্তর জানতে হবে এবং AQI নির্দেশিকা অনুসরণ করতে হবে।
- যখন AQI এর মান 200 এর বেশি হয় ('অত্যন্ত অস্বাস্থ্যকর'), দুর্বল গোষ্ঠীগুলোকে বাইরের সমস্ত শারীরিক কার্যকলাপ এড়িয়ে চলতে হবে এবং ক্রিয়াকলাপগুলোকে পুনঃনির্ধারণ করা উচিত বা বাড়ির ভিতরে স্থানান্তর করা উচিত। অন্য সকলের দীর্ঘ বা বাইরের কঠিন কাজগুলো এড়ানো উচিত।
- যখন AQI এর মান 300 এর বেশি হয় ('বিপজ্জনক') এর বেশি হয়, তখন সমস্ত নিউ ইয়র্কবাসীকে বাইরের শারীরিক কার্যকলাপ এড়িয়ে চলতে হবে।
- বাতাসের অস্বাস্থ্যকর মানের মধ্যে যাদেরকে উল্লেখযোগ্য পরিমাণ সময় ঘরের বাইরে ভ্রমণ করতেই হবে, তাদের জন্য ভালোভাবে ফিট হওয়া মাস্ক পরিধানের পরামর্শ দেওয়া হচ্ছে। একটি N95 বা KN95 সবথেকে ভালো কাজ করবে।

নিউ ইয়র্ক স্টেট বায়ুর গুণমানের পূর্বাভাস সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যায়। আপনার এলাকার বর্তমান বাতাসের গুনমান জানতে www.airnow.gov দেখুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418